



“শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন”  
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প  
(বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন)  
রূপপুর, ইগ্রুদী, পাবনা।  
ফোন: ০২-৮৭৩১৭০০৫, ই-মেইল: site@rooppurnpp.gov.bd

তারিখ: ৩০/১১/২০১৯ খ্রি:

## প্রেস বিজ্ঞপ্তি

### বর্ণাত্য আয়োজনের মাধ্যমে নিউক্লিয়ার ডে উদযাপন

৩০ নভেম্বর, ২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কর্তৃক রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম ইউনিটের প্রথম কংক্রিট ঢালাইয়ের মাধ্যমে বাংলাদেশ বিশ্ব নিউক্লিয়ার ক্লাবের গৌরবান্বিত সদস্য হিসাবে অন্তর্ভুক্ত হয়। এই দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য প্রতি বছর ৩০ নভেম্বর নিউক্লিয়ার ডে হিসাবে পালন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষ্যে নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেড, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক যোথভাবে ৩০ নভেম্বর, ২০১৯ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। বেলুন উড়ওয়ন ও কবুতর অবমুক্তকরণ এবং বর্ণাত্য র্যালির মাধ্যমে অনুষ্ঠানমালা শুরু করা হয়। র্যালিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মাননীয় চেয়ারম্যান ও রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের প্রকল্প পরিচালকসহ নিউক্লিয়ার পাওয়ার প্ল্যান্ট কোম্পানী বাংলাদেশ লিমিটেডের পরিচালকবৃন্দ, জেলা ও উপজেলা প্রশাসনের প্রতিনিধি, প্রকল্পের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং জাতীয় ও স্থানীয় পর্যায়ের গণমাধ্যম-কর্মীবৃন্দ অংশগ্রহণ করেন। দুপুরে প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা ও উপস্থাপনা প্রদান করা হয়। বিকালে নানা ধরণের দেশীয় খেলাধূলার আয়োজন করা হয়। সক্রান্ত আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিনব্যাপী আয়োজনের সমাপ্তি টানা হয়।

৩০/১১/২০১৯  
(সৈকত আহমেদ)

বৈজ্ঞানিক তথ্য কর্মকর্তা  
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্প